



বাংলাদেশ টেলিক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮



স্মারক নং- বাটেবি/প্রশাঃ/২২/৯ম খন্ড/২০২১/ ২২২

তারিখ: ১৯/০৫/২০২১


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূণ্য পদ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|---|-------------|---|
| ১. | সহকারী পরিচালক (প্রকিউরম্যান্ট) বেতন স্কেল : ২৯০০০-৬৩৪১০/- পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর। | ০১ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যয়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ মাস্টার্স/বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রকিউরম্যান্ট অফিসার বা সমমানের ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে পাবলিক প্রকিউরম্যান্ট আইন/বিধিমালায় অধীনে দেশ-বিদেশ হতে যন্ত্রপাতি ও মালামাল ক্রয়/সংগ্রহ, বিতরণ সম্পর্কিত কাজে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, এক্সেল এবং ডাটাবেস এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |

শর্তাবলী :

- ১। অর্ধস্বী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/Website: www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের (সকল সার্টিফিকেট) সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২। বর্ণিত পদের জন্য ০৫ (পাঁচ) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৪। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।
- ৫। সকল আবেদনপত্র “রেজিস্ট্রার, বাংলাদেশ টেলিক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮” এর বরাবরে প্রেরণ করতে হবে।
- ৬। সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে অনলাইনের মাধ্যমে “বাংলাদেশ টেলিক্সটাইল বিশ্ববিদ্যালয়, হিসাব নম্বর- ০১২৪২০০০০২১৮৩, সোনালী ব্যাংক লিঃ, তেজগাঁও শি/এ শাখা, ঢাকা ” এর অনুকূলে ৫০০/- টাকা প্রেরণ করতে হবে এবং কস্ট মেমো এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- ৮। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ : ০১/০৬/২০২১ (অফিস চলাকালীন সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকার মধ্যে)।
- ৯। প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।
- ১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- ১৩। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় যথাযথ কর্তৃপক্ষের সনদ সংযুক্ত করতে হবে।
- ১৫। সংশ্লিষ্ট প্রার্থীকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে “অসীকারনামা” প্রদান করতে হবে।


১৯/০৫/২০২১
(অধ্যাপক ড. শাহ আলিমুজ্জামান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)